

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬২৫

২৮/ ন্যর ও কসম

পরিচ্ছেদঃ স্বেচ্ছায় মিথ্যা কসম খাওয়া কঠোর নিষিদ্ধ

আরবী

وَعَنْ أَبِي أُمَامَة إِيَاسِ بِنِ تَعلَبَةَ الحَارِثِي أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْهِ قَالَ مَنِ اقْتَطَعَ حَقَّ امْرِيءٍ مُسْلِمٍ بِيَمِينِهِ فَقَدْ أَوْجَبَ اللهُ لَهُ النَّارَ وَحَرَّمَ عَلَيْهِ الجَنَّةَ فَقَالَ لَهُ رَجُلٌ : وَإِنْ كَانَ شَيْئاً يَسِيراً يَا رَسُوْلَ اللهِ ؟ قَالَ وَإِنْ كَانَ قَضِيباً مِنْ أَرَاكٍ رواه مسلم

বাংলা

(৩৬২৫) আবৃ উমামাহ ইয়াস বিন সা'লাবাহ হারেসী (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তির অধিকার নিজ কসম দ্বারা আত্মসাৎ করবে, আল্লাহ তার জন্য জাহান্নামের আগুন ওয়াজেব ক'রে দেবেন এবং তার উপর জান্নাত হারাম করে দেবেন। এ কথা শুনে তাঁকে এক ব্যক্তি বলল, 'হে আল্লাহর রসূল! যদি তা সামান্য জিনিস হয় তবুও?' তিনি বললেন, 'হ্যদিও পিলমু গাছের একটি ডালও হয়।

ফুটনোট

(মুসলিম ৩৭০, নাসাঈ, ইবনে মাজাহ ২৩২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ ইয়াস ইবনু সা'লাবাহ্ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন